



## বোরকার আড়ালে জাল ভোটের সুযোগ নেই: ইসি আনোয়ারুল ইসলাম



ইসি সচিব আনোয়ারুল ইসলাম। ছবি: সংগৃহীত

নির্বাচনে জাল ভোট ঠেকাতে কড়া অবস্থান নিয়েছে নির্বাচন কমিশন। ইসি আনোয়ারুল ইসলাম জানিয়েছেন, বোরকা বা যে কোনো পোশাকের আড়ালে পরিচয় গোপন করে জাল ভোট দেওয়ার চেষ্টা করলে কাউকে ছাড় দেওয়া হবে না; ধরা পড়লে সর্বোচ্চ আইনি শাস্তির মুখোমুখি হতে হবে।

সোমবার (২ ফেব্রুয়ারি) আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, নারী-পুরুষ সবারই নিজস্ব পোশাক পরার অধিকার আছে। কেউ হিজাব, নেকাব, বোরকা, সালোয়ার-কামিজ বা শাড়ি পরতে পারেন—এ নিয়ে কোনো বিধিনিষেধ নেই। ভোটকেন্দ্রেও ব্যক্তিগত পোশাকের স্বাধীনতা বহাল থাকবে। তবে তিনি স্পষ্ট করেন, ছদ্মবেশে ভোট দেওয়া, অন্যের ভোট দেওয়া, জাল ভোট বা বিশৃঙ্খলা সৃষ্টির বিরুদ্ধে আইন কঠোর। এসব অপরাধ ঠেকাতে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন থাকবে এবং কোনো অনিয়ম ঘটলে তা আইনের আওতায় দ্রুত নিষ্পত্তি করা হবে।

ইসি আরও বলেন, আসন্ন জাতীয় নির্বাচনে অংশ নেওয়া সব দল ও প্রার্থী নির্বাচন কমিশনের দৃষ্টিতে সমান।